Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 13 May, 2025

ইতিহাসে এটাই প্রথম যাতে রাজনৈতিক দলের রেজিস্ট্রেশন বাতিল করা হয়েছে হাইকোর্টের রায়ে, এমন মন্তব্য করেছেন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ।

মঙ্গলবার (১৩ মে) সকালে প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন ৪ সদস্যের আপিল বিভাগে জামায়াতে ইসলামীর নিবন্ধন শুনানিতে এমন মন্তব্য করেন প্রধান বিচারপতি।

এদিন আদালতে আবেদনের পক্ষে শুনানি করছেন সিনিয়র আইনজীবী এহসান এ সিদ্দিক।উপস্থিত রয়েছেন আইনজীবী শিশির মনির।ইসির পক্ষে রয়েছেন আইনজীবী তৌহিদুল ইসলাম।

নিবন্ধন ফিরে পেতে জামায়াতের আপিল শুনানি চলছে

উল্লেখ্য, ২০২৩ সালের ১৯ নভেম্বর আপিল মামলাটি খারিজ (আইনজীবী হাজির না থাকায়) করে দেয়।এরপর আপিলটি পুনরুজ্জীবনের জন্য আবেদন করা হয়।গত বছরের ২২ অক্টোবর আদালত বিলম্ব মার্জনা করে আপিলটি শুনানির জন্য রিস্টোর করেছেন।অর্থাৎ পুনরুজ্জীবন করেছেন।

ওইদিন আদালতে আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী এহসান আব্দুল্লাহ সিদ্দিক ও শিশির মনির।এরপর ৩ ডিসেম্বর আপিলের ওপর শুনানি শুরু হয়েছিল।

হাইকোর্ট বিচারপতি রাজনৈতিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:30

URL: https://timestodaybd.com/national/2397775807